

৫। রমাপদ চৌধুরীর ‘আমি, আমার স্বামী ও একটি নুলিয়া’ নিছক মধুচন্দ্রিমা যাপন কিংবা সমুদ্র দর্শনের গল্প নয়, মধ্যবিত্তের নিজের কাছে নিজেরই হেরে যাওয়ার এক সান্ত্বনামূলক বৃত্তান্ত। — মন্তব্যটি ব্যাখ্যা করো।

৬। সোমেন চন্দ্রের ‘সংকেত’ গল্প পুঁজিবাদ বিরোধী শ্রেণীসংগ্রামেরই প্রতিচ্ছবি — আলোচনা করো।

অথবা

৭। প্রকৃতির সঙ্গে মানুষের সম্পর্ককে সভ্যতা ও আধুনিকতা নিঃশেষে মুছে দিয়েছে, এর বিপরীতে দাঁড়িয়ে আছে অমৃত চরিত্রটি। তোমার পড়া গল্পটি মনে রেখে এই মন্তব্যটি বিচার করো।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২২

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

কোর্স : পি.জি./৪.২

বাংলা ছোটগল্প

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর লেখো।

প্রশ্নগুলির মান সমান।

- ১। আদর্শ ও বাস্তবের এক গভীর দ্বন্দ্ব নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘ভাঙা চশমা’ গল্পে কীভাবে রূপ লাভ করেছে বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।
- ২। যদি বলা হয় জ্যোতিরিন্দ্র নন্দীর ‘মঙ্গলগ্রহ’ গল্পটি ‘সমুদ্র’ গল্পেরই একটি ক্ষুদ্রতর ‘গার্হস্থ্য-সংস্করণ’ তাহলে কি তুমি সহমত হবে? যুক্তিসহ তোমার বক্তব্য জানাও।

অথবা

- ৩। রামায়ণের জটায়ু, ট্রেনের যান্ত্রিক শব্দ আর আঙুনের তিনটে বেড়ার ভেতর নিত্যচরণের নাচ এইসব বিভিন্ন স্বতন্ত্র প্রসঙ্গ দীপেন্দ্রনাথের ‘জটায়ু’ গল্পের নির্মাণে কীভাবে গভীর আত্মীয়তায় একসূত্রে গ্রথিত হয়ে গেছে দেখাও।
- ৪। বিমল করের ‘গগনের অসুখ’ গল্পে বারবারই ফিরে আসে একটি পারিবারিক গ্রুপ ফটোর প্রসঙ্গ। গগনের অসুখের সঙ্গে এই ফটোগ্রাফের আদৌ কোনও সম্পর্ক আছে বলে তোমার মনে হয় কি? আলোচনা করো।